



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
সরকারি কলেজ শাখা-২
www.dshe.gov.bd



ঢাকা

নম্বর: ৩৭.০২.০০০০.১০৪.৩০.০০২.২০.১০৩৮

তারিখ: ২৩ অগ্রহায়ণ ১৪২৮
০৮ ডিসেম্বর ২০২১

অফিস আদেশ

মাদারীপুর সরকারি কলেজ, মাদারীপুর-এর অধ্যক্ষ ও উপাধ্যক্ষ ০২টি পদ শূন্য থাকায় আবেদনের প্রেক্ষিতে কলেজের জ্যেষ্ঠ কর্মকর্তা রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের অধ্যাপক প্রফেসর মোঃ জামান মিয়া (আইডি নং-১৮৬২)-কে সাময়িকভাবে আর্থিক ক্ষমতা প্রদান করা হয়। বর্তমানে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ২৮-১১-২০২১ তারিখের ৩৭.০০.০০০০.০৬৭.০২.০০৩.২০১৭-৩৩৪ সংখ্যক প্রজ্ঞাপন মোতাবেক পদায়নের প্রেক্ষিতে প্রফেসর মোঃ আবুল কালাম আজাদ (আইডি নং-১৮৭৪) ০১-১২-২০২১ তারিখে কলেজের উপাধ্যক্ষ পদে যোগদান করেন এবং বিধি মোতাবেক আর্থিক ক্ষমতা প্রদানের জন্য আবেদন করেন। আবেদনের প্রেক্ষিতে কলেজের কর্মচারীদের বেতনভাতাদি ও জরুরী কার্যাদি সম্পন্ন করার লক্ষ্যে প্রফেসর মোঃ আবুল কালাম আজাদ-কে নিম্নে উল্লিখিত শর্ত মোতাবেক দায়িত্বভার গ্রহণের তারিখ হতে সাময়িকভাবে আর্থিক ক্ষমতা প্রদান করা হলো।

- ১। কলেজের কার্যাদি সম্পাদনের জন্য তাঁকে প্রতিষ্ঠানিক বেতন-ভাতা ও সম্মানীসহ আনুষঙ্গিক বিলসমূহ স্বাক্ষরদানের ক্ষমতা ট্রেজারী ও সাবসিডিয়ারী আইনের এসআরও/৯৬ ভলিয়ম-১ ধারা মোতাবেক সাময়িকভাবে প্রদান করা হলো।
- ২। উল্লেখ্য যে, আর্থিক ক্ষমতা থাকাকালীন সময়ে যে কোন প্রকার আর্থিক অনিয়মের জন্য তিনি দায়ী থাকবেন। তাঁকে নির্দিষ্ট রেজিস্ট্রারে যথাযথভাবে হিসাব সংরক্ষণ করতে হবে। তিনি এর জন্য কোন দায়িত্ব ভাতা প্রাপ্য হবেন না।

৮-১২-২০২১

প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক
মহাপরিচালক

নম্বর: ৩৭.০২.০০০০.১০৪.৩০.০০২.২০.১০৩৮/১

তারিখ: ২৩ অগ্রহায়ণ ১৪২৮
০৮ ডিসেম্বর ২০২১

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
- ২) পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর;
- ৩) উপপরিচালক (কলেজ-১), সরকারি কলেজ শাখা-১, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর;
- ৪) প্রফেসর মোঃ আবুল কালাম আজাদ (আইডি নং-১৮৭৪), মাদারীপুর সরকারি কলেজ, মাদারীপুর;

- ৫) প্রফেসর মোঃ জামান মিয়া (আইডি নং-১৮৬২), মাদারীপুর সরকারি কলেজ, মাদারীপুর;
- ৬) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন ঢাকা;
- ৭) বিভাগীয়/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,
- ৮) সংরক্ষণ নথি।



৮-১২-২০২১

মোঃ তানভীর হাসান
সহকারী পরিচালক